

যুগান্তর

প্রিন্ট: ২৩ এপ্রিল ২০২৬, ১০:০১ এএম

শিক্ষাঙ্গন

জরুরি নির্দেশনা শিক্ষাবোর্ডের

Advertisement



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ২২ এপ্রিল ২০২৬, ০৬:৫৯ পিএম





ফাইল ছবি

চলতি বছরের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষার সময়সূচি ঘোষণা করা হয়েছে। নির্ধারিত সূচি অনুযায়ী, আগামী ২ জুলাই বাংলা প্রথমপত্রের মাধ্যমে পরীক্ষা শুরু হবে।

বুধবার (২২ এপ্রিল) আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির আহ্বায়ক এবং ঢাকা শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক এস এম কামাল উদ্দীন হায়দারের স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

আসন্ন এ পরীক্ষাকে কেন্দ্র করে পরীক্ষার্থীদের জন্য বেশ কিছু গুরুত্বপূর্ণ দিকনির্দেশনা জারি করেছে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড। পরীক্ষার সুশৃঙ্খল পরিবেশ বজায় রাখা এবং ওএমআর শিট পূরণে ত্রুটি এড়ানোর লক্ষ্যে এসব নির্দেশনা কঠোরভাবে অনুসরণের কথা বলা হয়েছে।

পরীক্ষার্থীদের জন্য বিশেষ নির্দেশনাসমূহ

আসন গ্রহণ

উত্তরপত্র ও ওএমআর ফরম

পরীক্ষার্থীকে সরবরাহ করা উত্তরপত্রে রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর ও বিষয় কোড যথাযথভাবে লিখে বৃত্ত ভরাট করতে হবে। কোনো অবস্থাতেই উত্তরপত্র ভাঁজ করা যাবে না।

পরীক্ষার ক্রম

প্রথমে বহুনির্বাচনি (এমসিকিউ) এবং পরে সৃজনশীল বা রচনামূলক (তত্ত্বীয়) পরীক্ষা অনুষ্ঠিত হবে। উভয় অংশের পরীক্ষার মধ্যে কোনো বিরতি থাকবে না।

পাশের নিয়ম

পরীক্ষার্থীকে তত্ত্বীয়, বহুনির্বাচনী ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) প্রতিটি অংশে পৃথকভাবে পাস করতে হবে।

প্রবেশপত্র সংগ্রহ

পরীক্ষা শুরুর অন্তত ৭ দিন আগে নিজ নিজ প্রতিষ্ঠান প্রধানের কাছ থেকে প্রবেশপত্র সংগ্রহ করতে হবে। পরীক্ষার্থীরা কেবল প্রবেশপত্র ও রেজিস্ট্রেশন কার্ডে উল্লিখিত বিষয়সমূহের পরীক্ষায় অংশ নিতে পারবে।

ক্যালকুলেটর ও ঘড়ি

পরীক্ষার্থীরা সাধারণ সায়েন্টিফিক ক্যালকুলেটর ও কাঁটায়ুক্ত হাতঘড়ি ব্যবহার করতে পারবে। তবে কোনো ধরনের প্রোগ্রামিং ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না।

মোবাইল ফোন নিষিদ্ধ



